গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৩০.২৫. ৪৮৫ তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ / ২৮ জুলাই ২০২৫

# সংবাদ বিজ্ঞপ্তি

**বিষয়: একুশে পদক ২০২৬**

একুশে পদক প্রদান সংক্রান্ত নীতিমালা অনুযায়ী অন্যান্য বছরের ন্যায় ২০২৬ সালে সরকার কর্তৃক ভাষা আন্দোলন, শিল্পকলা (সংগীত, নৃত্য, অভিনয়, চারুকলাসহ সকল ক্ষেত্র), মুক্তিযুদ্ধ, সাংবাদিকতা, গবেষণা, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, অর্থনীতি, সমাজসেবা, রাজনীতি, ভাষা ও সাহিত্য এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ক্ষেত্রে প্রশংসনীয় ও গৌরবোজ্জ্বল অবদানের স্বীকৃতিস্বরূপ ব্যক্তি (জীবিত/মৃত), গোষ্ঠী, প্রতিষ্ঠান ও সংস্থাকে একুশে পদক প্রদান করার নীতিগত সিদ্ধান্ত রয়েছে।

এ লক্ষ্যে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা, সকল পাবলিক বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, সকল জেলা প্রশাসক এবং স্বাধীনতা পদক/একুশে পদকে ভূষিত সুধীবৃন্দকে আগামী ৩০ অক্টোবর, ২০২৫ তারিখ বৃহস্পতিবারের মধ্যে মনোনয়ন/প্রস্তাব সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানানো যাচ্ছে। এ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী ও একুশে পদক নীতিমালা এবং মনোনয়ন প্রস্তাবের ফরম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে।

**ওয়েব সাইট:**

- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় **www.moca.gov.bd**
- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় **www.moi.gov.bd**

২৮/০৭/২০২৫
(মো. সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৬৬৮
ইমেইল: event.section@moca.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংবাদ বিজ্ঞপ্তিটি জাতীয় সংবাদপত্রসমূহ/বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার এবং সকল বেসরকারি টিভি চ্যানেল/বেতারে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা;
৩. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা;
৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা;
৫. ব্যবস্থাপনা পরিচালক, ........................................................।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় [সংবাদ বিজ্ঞপ্তি, একুশে পদক সংক্রান্ত নীতিমালা (২০১৯ পর্যন্ত সংশোধিত) এবং একুশে পদকের মনোনয়ন ফরম (ব্যক্তি ও প্রতিষ্ঠান) মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো];
৪. অফিস কপি।